

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১২৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন সম্প্রদায়ের লোকজন যখন কুরআন তিলাওয়াতের ক্ষেত্রে সমান হবে, তখন ইমামের বেশি হকদার হবেন, যিনি হাদীস সম্পর্কে বেশি অবগত

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْقَوْمَ إِذَا اسْتَوْوا فِي الْقِرَاءَةِ يَجِبُ أَنْ يَؤْمِنُوا مَنْ كَانَ أَعْلَمَ بِالسُّنْنَةِ

আরবী

2124 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْهَاشِمِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ مَيْمُونٍ بْنِ الرَّمَاحِ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ إِسْمَاعِيلَ بْنِ رَجَاءٍ عَنْ أَوْسِ بْنِ ضَمْعَجَ عَنْ أَبِي مَسْعُودِ الْأَنْصَارِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَوْمُ الْقِرَاءَةِ أَقْرَوْهُمْ لِكِتَابِ اللَّهِ فَإِنْ كَانُوا فِي الْقِرَاءَةِ سَوَاءً فَأَعْلَمُهُمْ بِالسُّنْنَةِ فَإِنْ كَانُوا فِي السُّنْنَةِ سَوَاءً فَأَقْدَمُهُمْ هِجْرَةً فَإِنْ كَانُوا فِي الْهِجْرَةِ سَوَاءً فَأَكْبَرُهُمْ سِنًا وَلَا يُوْمُ الرَّجْلُ فِي سُلْطَانِهِ وَلَا يُجْلِسُ عَلَى تَكْرِمَتِهِ فِي بَيْتِهِ حَتَّى يَأْذِنَ لَهُ)

الراوي : أبو مسعود الأنصاري | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليق الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2124 | خلاصة حكم المحدث: صحيح - (( صحيح أبي داود))

(597)

বাংলা

২১২৪. আবু মাসউদ আনসারী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “সম্প্রদায়ের ইমাম হবেন এই ব্যক্তি যিনি আল্লাহর কিতাব অধিক পড়তে জানেন। যদি তারা কুরআন পাঠে সমান হন, তবে যিনি সুন্নাহ সম্পর্কে বেশি অবগত। যদি তারা সুন্নাহর ক্ষেত্রে সমান হন, তবে যিনি আগে হিজরত করেছেন। যদি হিজরত করার ক্ষেত্রেও সমান হন, তবে যিনি বয়সে বড়। আর কোন ব্যক্তির নিয়ন্ত্রণাধীন জায়গায় অন্য কারো ইমামতি করা যাবে না, বাড়িতে তার সম্মানজনক জায়গায় বসা যাবে না, যতক্ষণ না তিনি অনুমতি প্রদান করেন।”[1]

## ফুটনেট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৭২; সহীহ মুসলিম: ৬৭৩; তিরমিয়ী: ২৩৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৫০৭; তাবারানী আল কাবীর: ১৭/৬০৯; মুসান্নাফ আব্দুর রায়যাক: ৩৮০৮; হুমাইদী: ৪৫৭; আবু দাউদ: ৫৮৪; নাসাঈ: ২/৭৬; ইবনুল জারদ, আল মুনতাকা: ৩০৮; দারাকুতনী: ১/২৮০; আবু আওয়ানা: ২/৩৫; সুনান বাইহাকী: ৩/৯০; বাগাবী, শারহস সুন্নাহ: ৮৩২; হাকিম: ১/২৪৩।

হাদিসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদিসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু মাসউদ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91442>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন